



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

ডিএমডি সার্কুলার লেটার নং: ০৬/২০২৪

২১ জ্যৈষ্ঠ ১৪৩১
তারিখ: -----
০৪ জুন ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

ব্যাংক কোম্পানির Held for Trading (HFT) ক্যাটাগরিতে ধারণকৃত
ট্রেজারি বন্ডের Mark-to-Market (MTM) ভিত্তিক পুনঃমূল্যায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ২ জানুয়ারি ২০১৯ তারিখের সার্কুলার লেটার নং-ডিএমডি-০১/২০১৯ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সূত্রোক্ত সার্কুলার লেটারের মাধ্যমে ব্যাংক কোম্পানির ধারণকৃত ট্রেজারি বন্ডসমূহের Mark-to-Market ভিত্তিক পুনঃমূল্যায়নের নিমিত্তে প্রাইমারি অকশনের cut-off yield কে পূর্ণ মেয়াদে রূপান্তরকরতঃ standard tenor yield হিসেবে প্রকাশ এবং উক্ত standard tenor yield এর ভিত্তিতে ধারণকৃত ট্রেজারি বন্ডসমূহের হিসাবায়ন করার নির্দেশনা প্রদান করা হয়।

০৩। ট্রেজারি বন্ডের ভ্যালুয়েশন বাজারভিত্তিক ও আন্তর্জাতিক উত্তম চর্চার সাথে সঙ্গতিপূর্ণ করা এবং দেশে একটি সক্রিয় সেকেন্ডারি মার্কেট গড়ে তোলার লক্ষ্যে over the counter (OTC) ও anonymous order matching platform এর প্রকৃত লেনদেন এবং প্রাইমারি ডিলার ব্যাংক কর্তৃক দৈনিক দাখিলকৃত two-way price quote এর তথ্যের ভিত্তিতে একটি সেকেন্ডারি মার্কেট yield curve প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত yield curve এবং তা প্রস্তুতের methodology বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে সন্নিবেশ করা হয়েছে।

০৪। এ ক্ষেত্রে, আপনাদের HFT ক্যাটাগরিতে ধারণকৃত ট্রেজারি বন্ডের Mark-to-Market ভিত্তিক পুনঃমূল্যায়নের ক্ষেত্রে প্রাইমারি মার্কেট yield এর পরিবর্তে সেকেন্ডারি মার্কেট yield ব্যবহার করার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো। তবে, ট্রেজারি বিলের Mark-to-Market ভিত্তিক পুনঃমূল্যায়নের ক্ষেত্রে প্রাইমারি মার্কেট yield ব্যবহারের চলমান পদ্ধতি বহাল থাকবে।

০৫। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত

(ইস্তেকমাল হোসেন)

পরিচালক (ডিএমডি)

ফোন: ৯৫৩০১৩১